নারীকে যৌন হয়রানি, পুলিশ কনস্টেবলকে গণধোলাই

নারীকে যৌন হয়রানির অভিযোগে রাজশাহী মহানগরীর লক্ষ্মীপুর কাঁচাবাজার এলাকায় এক পুলিশ কনস্টেবলকে গণপিটুনি দিয়েছে এলাকাবাসী। পরে তাকে পুলিশে সোপর্দ করা হয়।

গণপিটুনির শিকার পুলিশ কনস্টেবল সাব্বির হোসেন রাজশাহীর পবা থানায় কর্মরত বলে জানা গেছে। এ ব্যাপারে নগরীর রাজপাড়া থানার উপ-পরিদর্শক হায়দার আলী খান জানান, পুলিশ কনস্টেবল সাব্বিরকে উদ্ধার করে প্রাথমিক চিকিত্সা দেয়া হয়েছে। ঘটনাটি তদন্ত করে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে।

প্রত্যক্ষদর্শীরা জানান, পুলিশ কনস্টেবল সাব্বির বৃহস্পতিবার রাত ১০টার দিকে লক্ষীপুর কাঁচাবাজার এলাকায় গিয়ে এক নারীর শরীরে হাত দেন। তখন ওই নারী গরমের কারণে ঘরের বাইরে ঘোরাফেরা করছিলেন। এ সময় সাব্বির শরীরে হাত দিলে ওই নারী চিত্কার শুরু করেন। একপর্যায়ে আশপাশের নারী ও পুরুষরা জড়ো হয়ে সাব্বিরকে ধরে বেদম পেটাতে শুরু করে।

খবর পেয়ে রাজপাড়া থানা পুলিশ ঘটনাস্থলে গিয়ে সাব্বিরকে উদ্ধার করে। পরে তাকে নগরীর পপুলার ডায়াগনস্টিক সেন্টারে একজন চিকিত্সকের কাছে প্রাথমিক চিকিৎসা দেয়া হয়। সেখান থেকে সাব্বিরকে রাজপাড়া থানায় নিয়ে যাওয়া হয়।